

বালুরঘাট কলেজে B.A./B.Sc./B.Com (Hons./General) প্রথম বর্ষে ভর্তির জন্য প্রয়োজনীয় নির্দেশাবলী :

১) বালুরঘাট কলেজ ভর্তির ফর্ম ফিলাপ-এর জন্য <http://balurghatcollege.ac.in/> অথবা <http://www.balurghatcollegeadmission.com/> - এ গিয়ে 'New Registration' ট্যাব-এ ক্লিক করে নাম, জন্মতারিখ, মোবাইল নম্বর, উচ্চ মাধ্যমিক এর প্রাপ্ত নম্বর ইত্যাদি তথ্য নির্ভুল ভাবে পূরণ করে 'Submit' বাটন-এ ক্লিক করতে হবে।

২) আবেদনকারীদের নিজস্ব মোবাইল নম্বর থাকা আবশ্যিক। কারণ 'Submit' বাটন ক্লিক করার সঙ্গে সঙ্গে ওই মোবাইল নম্বরেই এপ্লিকেশন নম্বর এবং পাসওয়ার্ড-এর ম্যাসেজ যাবে। পরবর্তী কালে ওই মোবাইল নম্বরেই এডমিশন সংক্রান্ত কিছু তথ্য পাঠানো হবে। কলেজে পাঠরতকালে কলেজ ওই মোবাইল নম্বরেই প্রয়োজনীয় তথ্য পাঠাবে।

৩) মোবাইল নম্বরে প্রাপ্ত এপ্লিকেশন নম্বর এবং পাসওয়ার্ড দিয়ে 'Log in' করতে হবে। 'Log in' করার পর 'Personal Details' নির্ভুল ভাবে পূরণ করে 'Save' বাটন ক্লিক করতে হবে।

৪) এর পর 'Course' ট্যাব এ গিয়ে সর্বাধিক চারটি অনার্স বিষয়ে এবং তিনটি জেনারেল কোর্স এ আবেদন করতে পারবে।

৫) এর পর 'Print & Pay' ট্যাব-এ গিয়ে অনলাইনে এপ্লিকেশন ফী জমা দিতে হবে এবং তারপর এপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিতে হবে। এই এপ্লিকেশন ফর্ম টি কলেজে ভর্তির ভেরিফিকেশন এর সময় অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

৬) 'Important Date' ট্যাব-এ ভর্তির তারিখসূচি থাকবে। সেই অনুসারে 'Provisional Merit List' এবং একাধিক 'Round Admission Merit List' প্রকাশিত হবে। 'Admission Merit List'-এর অন্তর্ভুক্ত আবেদনকারীরা অনলাইনে এডমিশন ফী জমা দেবে ওই তারিখসূচি অনুযায়ী। এরপর এডমিশন ফর্ম এবং এডমিশন ফি-র রিসিপ্ট কপি প্রিন্ট করে নিতে হবে।

৭) নির্ধারিত তারিখসূচি অনুযায়ী নির্দিষ্ট দিনে প্রত্যেক আবেদনকারীকে অথবা তার প্রতিনিধিকে নিম্নলিখিত ডকুমেন্ট নিয়ে কলেজ এসে ভেরিফিকেশন করাতে হবে। সঙ্গে নিয়ে আসতে হবে - ক) এডমিশন ফর্ম, খ) এডমিশন ফি-র রিসিপ্ট কপি, গ) এপ্লিকেশন ফর্ম, ঘ) H.S. -এর Original মার্কশীট এবং এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি, ঙ) SC /ST /OBC -A / OBC -B এবং PH Original সার্টিফিকেট (যদি থাকে) এবং এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি, চ) মাধ্যমিক-এর Original এডমিট কার্ড এবং এর স্বপ্রত্যয়িত জেরক্স কপি, ছ) পাসপোর্ট সাইজ ফটো দুই কপি। নির্দিষ্ট দিনে ডকুমেন্ট ভেরিফিকেশন না করলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৮) ফর্ম ফিলাপ ও ভর্তি প্রক্রিয়ার সময়সূচি পরিস্থিতি অনুযায়ী পরিবর্তিত হতে পারে। নিয়মিত Website দেখুন।

৯) যে কোনো ভর্তিই অস্থায়ী (Provisional) হিসেবে বিবেচিত হবে।